আজকের কাগজ

তারিখ 27 AUG 1996
পৃষ্ঠা ৭ কলাম ৬

# অধ্যাপক শহীদ উদ্দিনকে ঢা.বির ভারপ্রাপ্ত উপাচার্যের দায়িত্ব দেয়া হতে পারে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অস্থিরতা যাতে অন্যদিকে মোড় নিতে না পারে সেজন্যে সরকার প্রো-ভিসি অধ্যাপক শহীদ উদ্দিন আহমেদকে অস্থায়ী উপাচার্য পদে নিয়োগ দিতে পারেন বলে জানা গেছে। খবর ইউএনবি।

উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদ পদত্যাগ করার পর বিশ্ববিদ্যালয় প্রশাসনে এখন শূন্যতা চলছে। অধ্যাপক আহমদ এখন শুধুমাত্র শিক্ষা মন্ত্রণালয়ের উত্তরের অপেক্ষায় রয়েছেন। এদিকে বিশ্ববিদ্যালয়ের পরবর্তী ভিসি পদের সম্ভাব্য তালিকার শীর্ষে রয়েছেন শিক্ষক সমিতির সভাপতি এটিএম জহুরুল হক। সম্ভাব্য তালিকার অন্যরা হলেন- ফার্মেসি বিভাগের একে আজাদ চৌধুরী, বাংলা বিভাগের ডঃ আনিসুজ্জামান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক মোস্তফা চৌধুরী, দর্শন বিভাগের অধ্যাপক আমিনুল ইসলাম চৌধুরী, সমাজবিজ্ঞানের অধ্যাপক সা'দ উদ্দিন এবং ইংরেজি বিভাগের অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী।

বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ অনুযায়ী বিশ্ববিদ্যালয় চান্সেলর তিন মাসের জন্যে একজন অস্থায়ী ভিসি নিয়োগ দেবেন। এ সময়ের মধ্যে সিনেটররা ভিসি পদের জন্যে তিন সদস্য বিশিষ্ট একটি প্যানেল নির্বাচন করবেন, যার মধ্য থেকে পরবর্তী সময়ে ভিসি নিয়োগ দেয়া হবে।